কানাইঘাটে মোটর সাইকেলের মুখোমুখি সংঘর্ষে এক তরুণ নিহত, আহত ৩

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাটে মোটর সাইকেল দুর্ঘটনায় তউহিদ আহমদ (১৭) নামে এক তরুণের মর্মান্তিক মৃত্যু হয়েছে, আহত হয়েছেন আরো ৩ জন। তাদের মধ্যে একজনকে গুরুতর অবস্থায় সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে।
জানা যায়, আজ শনিবার সন্ধ্যা ৬টার দিকে সিলেট-জকিগঞ্জ সড়কের কানাইঘাট জুলাই ব্রীজের পাশের্^ স্থানীয় সড়কের বাজারে মোটর সাইকেল নিয়ে যাওয়ার পথে একটি ট্রাককে ওভারটেক করতে গিয়ে বিপরীত দিক থেকে আসা অপর মোটর সাইকেলের সাথে মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটে। এতে দু’টি মোটর সাইকেল দুমড়ে-মোচড়ে গিয়ে গুরুতর আহত হন, উপজেলার সাতবাঁক ইউনিয়নের জুলাই মাঝরচটি গ্রামের কটাই মিয়ার পুত্র তউহিদ আহমদ ও অপর মোটর সাইকেলে থাকা কানাইঘাট পৌরসভার দুর্লভপুর গ্রামের মৃত ওমর আলীর আবুল হোসেন সহ তাদের মোটর সাইকেলে থাকা আরো ২ জন। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তউহিদ আহমদ ও আবুল হোসেনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসকগণ তাদের অবস্থা আশংকাজনক হওয়ায় সিওমেক হাসপাতালে প্রেরণ করেন। পথিমধ্যে চতুল এলাকায় পৌঁছামাত্র তউহিদ আহমদ মৃত্যর কোলে ঢলে পড়ে। তার লাশ পুলিশ হেফাজতে কানাইঘাট থানায় রাখা হয়েছে।
পুলিশ দুর্ঘটনাস্থল পরিদর্শন করে ক্ষতিগ্রস্ত দু’টি মোটর সাইকেল উদ্ধার করে থানায় নিয়ে আসে। পুলিশ সূত্রে জানা গেছে, নিহত তউহিদের লাশ সুরতহাল রিপোর্ট শেষে ময়না তদন্তের জন্য সিলেট ওমেক হাসপাতাল মর্গে প্রেরণের প্রস্তুতি চলছে।